

এনজিও ব্যুরোর ডাইরেক্টর জেনারেল জনাব খন্দকার রকিবুর রহমান-এর কক্সবাজার আগমন ও রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন উপলক্ষে আয়োজিত মতবিনিময় ও নৈশভোজ সভার প্রতিবেদন

স্থান: কোস্ট, কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্র

তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০১৭ খ্রি.

সময়: রাত ৯.০০ টা

২৩ শে সেপ্টেম্বর ২০১৭ খ্রিঃ শনিবার রাত নয় টায় কক্সবাজার শহরের কলাতলীস্থ কোস্ট কক্সবাজার ব্যবস্থাপনা ও প্রশিক্ষণ কেন্দ্রে এনজিও ব্যুরোর ডাইরেক্টর জেনারেল জনাব খন্দকার রকিবুর রহমান-এর কক্সবাজার আগমন ও রোহিঙ্গা শরণার্থী শিবির পরিদর্শন উপলক্ষে এক মতবিনিময় ও নৈশভোজ সভা অনুষ্ঠিত হয়। সভায় ডাইরেক্টর জেনারেল-এর সফর সঙ্গী হিসেবে উপস্থিত ছিলেন জনাব মেজবাউ উদ্দিন আহমেদ, পরিচালক, এনজিও ব্যুরো।



কোস্ট কক্সবাজার আঞ্চলিক কার্যালয়ে এনজিও প্রতিনিধিদেও উপস্থিতিতে এনজিও ব্যুরোর ডিজি জনাব খন্দকার রকিবুর রহমান- এর উপস্থিতিতে সমন্বয় সভা

সভায় কক্সবাজার জেলায় কর্মরত বিভিন্ন এনজিও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভার যারা উপস্থিত ছিলেন তাঁদের নাম নিচে দেওয়া হলো।

ক্রমিক নং	নাম	পদবী	সংস্থার নাম
১	এ বি আখতার	কান্ট্রি ডাইরেক্টর	অক্সফাম
২	সাকেব নবী	কান্ট্রি ডাইরেক্টর	খ্রিস্টান এইড
৩	মোহাম্মদ মাহীন নেওয়াজ চৌধুরী	প্রজেক্ট ডাইরেক্টর	সেভ দি সিলড্রেন
৪	মোহাম্মদ কাউসার আলম	হেড অব ডিপার্টমেন্ট-ওয়াশ	এ সি এফ
৫	আবু নঈম মো:শহীদুল্লাহ তালুকদার	পি এম ওয়াশ	এ সি এফ

৬	মোহাম্মদ আবদুল মালেক	পি এম- এফ এস এল এন্ড ডি আর আর	এ সি এফ
৭	নিখিল ডি গোস্বা	গভর্নমেন্ট লিয়াজোঁ	এ সি এফ বিডি
৮	আবু মোরশেদ চৌধুরী	চেয়ারম্যান	পালস্ বাংলাদেশ
৯	মোহাম্মদ আবদুল্লাহ ইশারী	সিনিয়র প্রোগ্রাম অফিসার	মারসি মালয়শিয়া
১০	আকলিমা খাতুন	পরিচালক	গণস্বাস্থ্য কেন্দ্র
১১	ড নাসরিন করিম	টিম লিডার (জি বি ইউ এন্ড এস আর এইচ)	গণস্বাস্থ্য কেন্দ্র
১২	তৌহিদুল হামিদ	লজিস্টিক ম্যানেজার	এম এস এফ হলান্ড
১৩	উইল গোসেন্স	এইচ আর ম্যানেজার	এম এস এফ হলান্ড
১৪	শারমিন খান	ডেপুটি কান্ট্রি ডাইরেক্টর	হ্যাডিকাপ ইন্টারন্যাশনাল
১৫	মোহাম্মদ জাহাজ্জীর আলম	পি সি	ডি সি এ
১৬	রেজাউল করিম	পরিচালক	টি এম এস এস
১৭	ফারুখ ফয়সল	সি ও ডিরিউ (ডি)	টি এম এস এস
১৮	এরশাদুল হক	কান্ট্রি ম্যানেজার	গ্লোবাল ওয়ান
১৯	রতন এম কাদেরী	প্রোগ্রাম অফিসার	গ্লোবাল ওয়ান
২০	মোহাম্মদ নাসিরউদ্দিন	প্রজেক্ট ম্যানেজার	কোডেক
২১	মোহাম্মদ সূজন খোন্দকার	কান্ট্রি কোঅর্ডিনেটর	হেল্প দি নীর্ডি সি টি
২২	এস এম মহিনুর রহমান	পরিচালক (লাইভলি হুড)	জি ইউ এস এস
২৩	নীলিমা আখতার চৌধুরী	প্রেসিডেন্ট	অগ্রযাত্রা
২৪	মো: হেলাল উদ্দিন	ই ডি	অগ্রযাত্রা
২৫	সাইফুল ইসলাম চৌধুরী কলিম	নির্বাহী প্রধান	পালস্ বাংলাদেশ
২৬	মোহাম্মদ গিয়াস উদ্দিন	পি ও	আই ডি এফ
২৭	মোহাম্মদ সোহাগ	ইঞ্জিনিয়ার	রিশদা বাংলাদেশ
২৮	মোহাম্মদ রেজাউল আলম শাহীন	পি আর ও	কে. জি. আর. সি
২৯	বিজয় কে, নাথ	অস্পর্ক	সি ডিরিউ ডিরিউ
৩০	মোস্তফা কামাল আখন্দ	সহ: পরিচালক	কোস্ট ট্রাস্ট

৩১	তারিক সাইদ হারুন	সহ: পরিচালক	কোস্ট ট্রাস্ট
৩২	মকবুল আহমেদ	সহ: পরিচালক-সিএফটিএম	কোস্ট ট্রাস্ট
৩৩	জাহাঙ্গীর আলম	টিম লিডার-সিএমটিসি	কোস্ট ট্রাস্ট

নৈশ ভোজের আগে এনজিও কর্মকর্তাদের উপস্থিতিতে কোস্ট সিএমটিসি অফিসে একটি অনানুষ্ঠানিক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণ নিজ নিজ পরিচয় দেন। সভার শুরুতে এনজিও ব্যুরোর ডাইরেক্টর জেনারেল জনাব রকিবুল হাসান উপস্থিত সবাইকে স্বাগত জানান এবং তাঁর আগমনের উদ্দেশ্য ব্যক্ত করেন। তিনি বলেন, মাঠ পর্যায়ে বাস্তব পরিস্থিতি দেখার জন্য তিনি কক্সবাজার আসেন এবং সারাদিন শরণার্থী শিবিরপরিদর্শন করেন। শুরুতেই তিনি সকলের উদ্দেশ্যে বলেন, শুধু এফ ডি-৭ সম্পর্কে তিনি শুনতে চান এবং এর বাইরে আজ যেন কেউ বক্তব্য না রাখেন। তিনি এফ ডি-৭ বিষয়ে ভালো মন্দ মতামত দিতে পরামর্শ দেন। তিনি আরো বলেন, আপনারা এন জি ও আইন ২০১৬ সম্পর্কে কি জানেন সংক্ষেপে বলেন। সকলের কথা শুনে তিনি বলেন, এন জি ও আইন ২০১৬ সম্পর্কে এখনও অনেকের মধ্যে অস্পষ্টতা রয়েছে। সকলকে তিনি অনুরোধ করেন, উক্ত আইন ভালো করে জানার জন্য। তিনি বলেন, এনজিওতে কাজ করতে হলে তার সম্পর্কিত আইন প্রথমেই ভালো করে জানতে হবে অন্যথায় পদে পদে অসুবিধায় পড়তে হতে পারে।



কোস্ট কক্সবাজার আঞ্চলিক কার্যালয়ে এনজিও ব্যুরোর ডিজি জনাব খন্দকার রকিবুর রহমান- এর উপস্থিতিতে সমন্বয় সভা

তিনি বলেন, আপনার যে কোনো ত্রাণ সামগ্রী সরকারী প্রশাসন বা সেনাবাহিনী যার হাতেই হস্তান্তর করেন না কেন তার প্রাপ্তি রিসিদ গ্রহণ করবেন যেন ভবিষ্যতে যে কোনো সময় ত্রাণ দেবার প্রমান দেখাতে পারেন। তিনি বলেন, ত্রাণ সম্পর্কিত সকল কাগজপত্র যেন মাঠ পর্যায়েও রাখা হয়।

এনজিও ব্যুরোর ডাইরেক্টর জেনারেল বলেন, আপনারা এফডি ৭ সম্পর্কে যে কোনো সমস্যায় পড়লে আমাকে জানান।

তিনি বলেন, সকলের মাঠে এসে ত্রাণ দেবার প্রয়োজন নেই। ত্রাণ দেবার যার দক্ষতা আছে, লোকবল আছে শুধু তারাই ত্রাণ দেবেন। প্রায় রাত ১০.৩০ টা পর্যন্ত সভায় সকলের মতামত শোনেন এবং কথা বলেন। সভা শেষে উপস্থিত সকলে নৈশভোজে অংশগ্রহণ করেন।

প্রতিবেদন প্রস্তুতকারী: মকবুল আহমেদ, কোস্ট ট্রাস্ট।